গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।

স্মারক নং-৩২.০১.০০০০.০০৮.০২.২৭২.২৫ - ৭৮১

তারিখ: ০২/০৭/২০২৬ খ্রি.

বিষয়: মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন 'ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি)' কার্যক্রমের জুলাই, ২০২৫ হতে জুন, ২০২৭ চক্রের দ্বৈততার কারণে ২৮,১৮৮ জন উপকারভোগী বাতিল করে তদস্থলে অপেক্ষমাণ তালিকা থেকে উপকারভোগী নির্বাচন প্রসঙ্গে।

সূত্র: মশিবিম এর স্মারক নং ৩২.০০.০০০০.০২৯.১৪.০১৯.২২.১২৭ তারিখ: ২২/০৬/২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন 'ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি)' কার্যক্রমের জুলাই, ২০২৫ হতে জুন, ২০২৭ চক্রে স্বামী নিগৃহীতা ও বিধবা ভাতা কর্মসূচি'র ৪৭৭ জন উপকারভোগী এবং বিগত দুই চক্রের (২০২১-২০২২ এবং ২০২৩-২০২৪) ২৭,৭১১ জন দ্বৈত উপকারভোগী পাওয়া গিয়েছে। গত ১৪/০৬/২০২৬ তারিখ ভিডব্লিউবি কেন্দ্রীয় সমন্বয় কমিটির সভার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে দ্বৈততার কারণে (৪৭৭+২৭,৭১১) = ২৮,১৮৮ জন উপকারভোগী জুলাই, ২০২৬ হতে বাতিল করে তদস্থলে অপেক্ষমাণ তালিকা থেকে নতুন উপকারভোগী নির্বাচন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

এমতাবস্থায়, আপনার জেলা/উপজেলায় পূর্বে ই-মেইলে প্রেরণকৃত তালিকা অনুযায়ী স্বামী নিগৃহীতা ও বিধবা ভাতা কর্মসূচি'র এবং বিগত দুই চক্রের (২০২১-২০২২ এবং ২০২৩-২০২৪) দ্বৈত উপকারভোগী জুলাই, ২০২৬ হতে বাতিল করে তদস্থলে অপেক্ষমাণ তালিকা থেকে নতুন উপকারভোগী নির্বাচন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। উল্লেখ্য, MIS সার্ভার আগামী ০৭/০৭/২০২৬ হতে ১৫/০৭/২০২৬ তারিখ পর্যন্ত খোলা থাকবে (শুক্রবার ও শনিবার ব্যতীত)।

সংযুক্তি: ১। সভার কার্যবিবরণী-৫ (পাঁচ) পাতা।
২। স্বামী নিগৃহীতা ও বিধবা ভাতা কর্মসূচি'র দ্বৈত উপকারভোগী এবং
৩। বিগত দুই চক্রের (২০২১-২০২২ এবং ২০২৩-২০২৪) দ্বৈত উপকারভোগী তালিকা।

02/07/26

রেবেকা সুলতানা
উপপরিচালক (চলতি দায়িত্ব)
'ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি)' কার্যক্রম

কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, .........................।
২. উপজেলা নির্বাহী অফিসার, ......................................।
৩. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, .......................।

জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (কার্যক্রম), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. যুগ্মসচিব (কার্যক্রম), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. উপসচিব (মবিঅ-২) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. জেলা প্রশাসক, ............................।
৫. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
৭. উপপরিচালক, মা ও শিশু সহায়কা কর্মসূচি, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা
(২ জন ইন্টার্নি অফিস চলাকালীন সময়ে সার্বক্ষনিক অবস্থানের অনুরোধসহ)।
৭. মহাপরিচালক এর ব্যক্তিগত কর্মকর্তা, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. পরিচালক এর ব্যক্তিগত সহকারী, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯. অফিস কপি।